Sangbad Online
সংবাদ
একসময়ের ৭০ বছর

তারিখঃ ২৮-০৮-২০২৩ (পৃঃ ১২,০২)

# সামগ্রিক অর্থনীতিতে বড় ভূমিকা রাখবে কৃষি : মন্ত্রী

## বিগত ১৫ বছরে চালের উৎপাদন বেড়েছে ১ কোটি টন

নিজস্ব বার্তা পরিবেশক

কৃষিমন্ত্রী আবদুর রাজ্জাক বলেছেন, 'কৃষিতে অনেক শিক্ষিত তরুণরা আসছে। তাদের সার্বিকভাবে সহযোগিতা করছি এবং তাদের সুযোগ-সুবিধা আরও বাড়ানোর জন্য নানা উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি, বাংলাদেশের কৃষি খাত শুধু খাদ্য উৎপাদনের জন্য নয়, আগামীতে সামগ্রিক অর্থনীতিতেও একটি বড় ভূমিকা পালন করবে।'

গতকাল শাহবাগের হোটেল ইন্টারকন্টিনেন্টালের বলরুমে আয়োজিত এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট ফোরামের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট ফোরামের আয়োজন করে এফএও, ইফাদ, গেইন, ওয়ার্ল্ড ব্যাংক ও কৃষি মন্ত্রণালয়।

কৃষিমন্ত্রী বলেন, 'বর্তমান সরকার কৃষিকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে আসছে। আমরা সাধারণ মানুষকে প্রতিশ্রুতি

➤ পৃষ্ঠা : ২ ক : ৬

## সামগ্রিক অর্থনীতিতে

(১২ পৃষ্ঠার পর)

দিয়েছি, আমাদের দেশের গতানুগতিক কৃষককে আমরা আধুনিক কৃষিতে রূপান্তর করব। সেই লক্ষ্যে আমরা এগিয়ে যাচ্ছি।'

আবদুর রাজ্জাক বলেন, 'কৃষিকে আমরা বাণিজ্যিকীকরণ করব। আমরা গার্মেন্ট শিল্পের ওপর নির্ভরশীল। এর সঙ্গে আমরা আরও অনেক কিছু যুক্ত করতে চাই, আর সেখানে কৃষি একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। যে কারণে বর্তমান সরকার কৃষিকে সর্বোচ্চ গুরুত্ব দিয়েছে। কৃষিকে বাণিজ্যিকীকরণের লক্ষ্যে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হয়েছে।'

মন্ত্রী বলেন, 'জীবন যাত্রার মান উন্নয়নে কৃষি ব্যাপকভাবে ভূমিকা রাখবে। এ খাতকে এগিয়ে নিতে আমরা সরকারি, বেসরকারি সবাই মিলে একত্রে কাজ করে আমাদের লক্ষ্যে পৌঁছাব। আমরা যদি সম্মিলিতভাবে কাজ করি, বিভিন্ন কর্মসূচি গ্রহণ এবং সেই অনুযায়ী কাজ পরিচালনা করি তাহলে অবশ্যই আমরা এ খাতকে আরও অনেক দূর এগিয়ে নিয়ে যেতে নিয়ে যেতে পারবো।

সেক্ষেত্রে কৃষির বহুমুখী ব্যবহারকে আমাদের গুরুত্ব দিতে হবে। স্থানীয় এবং আন্তর্জাতিক বাজারের জন্য আমরা যদি কৃষিকে উপযোগী করে তুলতে পারি তাহলে আগামী দিনের অর্থনীতিতে ব্যাপক ভূমিকা রাখবে এই কৃষি খাত।'

ফোরাম থেকে কৃষিবিষয়ক যেসব সুপারিশ, পরামর্শ আসবে সেগুলো সর্বোচ্চ গুরুত্ব দিয়ে মন্ত্রণালয় থেকে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করব বলেও জানান কৃষিমন্ত্রী। কৃষি মন্ত্রণালয়ের সচিব ওয়াহিদা আক্তারের সভাপতিত্বে অনুষ্ঠানে মন্ত্রণালয়ের কর্মকর্তাসহ দেশি-বিদেশি অতিথিরা উপস্থিত ছিলেন।

বিগত ১৫ বছরে চালের উৎপাদন বেড়েছে ১ কোটি টন : কৃষিমন্ত্রী

গতকাল বিকেলে রাজধানীর খামারবাড়িতে কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে জাতীয় শোক দিবসের আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে মন্ত্রী বলেছেন, জনগণ সঙ্গে না থাকলে কোন আন্দোলনই সফল হয় না। বিএনপি নানারকম আন্দোলন ও কর্মসূচি করে যাচ্ছে। কিন্তু তাদের সঙ্গে দেশের জনগণ নেই। সেজন্য, বিএনপির কোন আন্দোলন কখনো সফল হয়নি, ভবিষ্যতেও হবে না। তাদের আন্দোলনে সরকারের পতন হবে না। বঙ্গবন্ধু কৃষিবিদ পরিষদ ও বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশন যৌথভাবে এ অনুষ্ঠানের আয়োজন করে। ওই অ্যাসোসিয়েশনের সভাপতি কৃষিমন্ত্রী ড. আবদুর রাজ্জাক। তিনি বলেন, দেশের উন্নয়ন আজকে সারা পৃথিবী অবাক বিস্ময়ে তাকিয়ে দেখে। দেশের উন্নয়ন আজ সারা পৃথিবীতে নন্দিত ও প্রশংসিত হচ্ছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আমরা এমডিজির সব লক্ষ্যমাত্রা নির্দিষ্ট সময়ের আগেই অর্জন করেছিলাম। বর্তমানে টেকসই উন্নয়ন অভীষ্ট বা এসডিজির লক্ষ্যমাত্রা অর্জনে সঠিক পথে এগিয়ে যাচ্ছি। উন্নয়নের এই ধারাকে অব্যাহত রাখতে হবে। সেজন্য, রাজনৈতিক স্থিতিশীলতা বজায় রাখতে হবে।